

■■ মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ৪৬৯

পর্ব-৩: পাক-পবিত্রতা (كتاب الطهارة)

পরিচ্ছেদঃ ৬. তৃতীয় অনুচ্ছেদ - নাপাক ব্যক্তির সাথে মেলামেশা

আরবী

وَعَنْ شُعْبَةَ قَالَ: إِنَّ ابْنَ عَبَّاسٍ رَضِيَ اللَّهُ عَنْهُ كَانَ إِذَا اغْتَسَلَ مِنَ الْجَنَابَةِ يفرغ بِيَدِهِ الْيُمْنَى عَلَى يَدِهِ الْيُسْرَى سَبْعَ مِرَارٍ ثُمَّ يَعْسِلُ فَرْجَهُ فَنَسِيَ مَرَّةً كَمْ أَفْرَغَ فَسَأَلَنِي كَمَ أَفْرغت فَقُلْتُ لَا أَدْرِي فَقَالَ لَا أُمَّ لَكَ وَمَا يَمْنَعُكَ أَنْ تَدْرِيَ ثُمَّ يَتَوَضَّأُ وُضُوءَهُ لِلصَّلَاةِ ثُمَّ يُفِيضُ عَلَى جِلْدِهِ الْمَاءُ ثُمَّ يَقُولُ هَكَذَا كَانَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ يَتَطَهَّر. رَوَاهُ أَبُو دَاوُد

বাংলা

৪৬৯-[১৯] শু'বাহ্ (রহঃ) হতে বর্ণিত। তিনি বলেন, ইবনু 'আব্বাস (রাঃ) নাপাক হলে যখন গোসল করতেন তখন প্রথমে ডান হাত দিয়ে বাম হাতের উপর সাতবার পানি ঢালতেন, তারপর স্বীয় লজ্জাস্থান ধুতেন। একবার তিনি (সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম) কতবার পানি ঢেলেছেন ভুলে গেলে আমাকে জিজ্ঞেস করলেন। আমি বললাম, আমার স্মরণ নেই। তিনি (সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম) বললেন, তোমার মায়ের মৃত্যু হোক! স্মরণ রাখতে তোমাকে কে বাধা দিয়েছিল? তারপর তিনি (সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম) সালাতের উযূর মতো উযূ (ওযু/ওজু/অজু) করে নিজের সারা শরীরের উপর পানি ঢাললেন এবং বললেন, এভাবে রস্লুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম পবিত্রতা লাভ করতেন। (আবু দাউদ)[1]

ফুটনোট

[1] য'ঈফ : আবূ দাউদ ২৪৬। কারণ শু'বাহ্ সর্বসম্মতক্রমে দুর্বল রাবী।

ব্যাখ্যা

ব্যাখ্যা: এ হাদীসে নাপাকীর গোসলে দু' হাত ও লজ্জাস্থান সাতবার ধৌত করার বিবরণ পাওয়া যায়। কিন্তু হাদীসটি নিতান্তই দুর্বল ও সহীহ হাদীসের বিরোধী হওয়ায় তা 'আমলযোগ্য নয়। উল্লেখ থাকে যে, সহীহ হাদীসে



তিনবার ধৌত করার কথা বলা হয়েছে।

হাদিসের মান: যঈফ (Dai'f) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন